যুগান্তর

তারিখ ... 23 OCT 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৭... ......

### সাংবাদিক মারধর

# জাবি ছাত্রলীগের পাঁচ নেতাকর্মী বহিষ্কার

**জাবি প্রতিনিধি**

সাংবাদিক মারধরের দুটি ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের পাঁচ নেতাকর্মীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শুক্রবার রাত ৯টায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভা শেষে মধ্যরাতে তিন ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার ও একজনকে সতর্ক করার খবর নিশ্চিত করেন রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। শনিবার সকালে আরও দু'জন ছাত্রলীগ কর্মীকে বহিষ্কারের খবর জানান তিনি।

৮ জুন রাতে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক এলাকায় সংবাদ সংগ্রহের সময় বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি মো. শফিকুল ইসলামকে মারধর করেন ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ধর্মবিষয়ক সম্পাদক মহিতোষ রায় টিটুকে (ইতিহাস বিভাগ, ৪০তম ব্যাচ) দুই বছর, সহ-সম্পাদক ইকরাম উদ্দিন অমি (মার্কেটিং বিভাগ, ৪০তম ব্যাচ) ও কর্মী ইকরাম নাহিদকে (পরিসংখ্যান বিভাগ, ৪৩তম ব্যাচ) ছয় মাসের জন্য বহিষ্কার এবং বহিষ্কার চলাকালে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। বহিষ্কৃত তিনজনই মীর মশাররফ হোসেন হলের আবসিক শিক্ষার্থী।

অন্য একটি ঘটনায় একটি অনলাইন পত্রিকার সাংবাদিক ও জাবি প্রেস ক্লাবের সদস্য আবু রায়হানকে মারধরের ঘটনায় শহীদ রফিক জব্বার হল শাখা ছাত্রলীগ কর্মী শরিফ হোসেন লষ্করকে (নৃবিজ্ঞান, ৪২তম ব্যাচ) দুই বছর এবং রিয়াজুল ইসলামকে (বাংলা বিভাগ, ৪৪তম ব্যাচ) চার মাসের জন্য বহিষ্কার এবং পাঁচ হাজার টাকা জরিমানা এবং বহিষ্কার চলাকালে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। এছাড়া ছাত্রলীগ কর্মী ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের ৪২তম ব্যাচের ছাত্র বায়েজিদ ইসলামকে সতর্ক করা হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে মহিতোষ রায় টিটু এর আগেও সাংবাদিক মারধরসহ বেশ কয়েকটি ঘটনায় একাধিকবার বহিষ্কার হন।